□□□□□□□□ □□□□□□ □□□ □□□□□□□□□□□□□
□□□□□□□□□□ □□□□□□ □□□□□□□□, □□□□□□□□

Job Category: Data Entry/Operator/BPO **Job Source:** □□□□□ □□□□□□□□

Job Summary

Posted On: 25 Apr 2024 **Application Deadline:**23 May 2024

ঈশ্বরগঞ্জ পৌরসভা কার্যালয়

স্থাপিত ঃ ১৯৯৭ ইং
ঈশ্বরগঞ্জ, ময়মনসিংহ, বিভাগ-ময়মনসিংহ।
ishwarganjpourashava97@gmail.com
মন্ত্রণালয় কোড ঃ ১৩৭ পৌরসভা কোড ঃ ৩৫১৩২০

ফোন ঃ
অফিস ঃ ০৯০২৭-৫৬১৮৪
বাসা ঃ ০৯০২৭-৫৬২৮৪

স্মারক নং- ঈশ্বর:/পৌর:/প্রশা-বি:/২০২৪/৯০ তারিখ:-২৪/০৪/২০২৪ খ্রি:।

নিয়োগ বিজ্ঞপ্তি

ঈশ্বরগঞ্জ পৌরসভার নিম্ন বর্ণিত শূন্যপদে অস্থায়ী ভিত্তিতে লোক নিয়োগের নিমিত্তে বাংলাদেশের স্থায়ী বাসিন্দাদের নিকট হইতে স্বহস্তে লিখিত দরখাস্ত আহবান করা যাচ্ছে।

ক্রমিক নং	পদের নাম	পদ সংখ্যা	বেতন স্কেল	শিক্ষাগত যোগ্যতা
১	সহকারী কর আদায়কারী	০১ (এক)টি	৯৭০০-৩৪৯০ গ্রেড-১৫	স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক ডিগ্রী।
২	সার্ভেয়ার	০১ (এক)টি	৯৭০০-৩৪৯০ গ্রেড-১৫	স্বীকৃত প্রতিষ্ঠান হইতে সার্ভেয়ারশীপ অথবা সাব-ওভারশীপ অথবা সমমানের শিক্ষাগত যোগ্যতা থাকিতে হইবে। বাস্তব অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া হইবে।
৩	নিম্নমান সহকারী কাম মুদ্রাক্ষরিক	০১ (এক)টি	৯৩০০-২৪৯০ গ্রেড-১৬	উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষা পাশ অথবা সমমানের শিক্ষাগত যোগ্যতাসহ বাংলায় ৩০ এবং ইংরেজীতে ৪০ শব্দের গতি থাকিতে হইবে। পৌরসভায় কর্মরত ৪র্থ শ্রেণীর কর্ম-চারীদের ক্ষেত্রে বয়স সীমা শিথিলযোগ্য তবে এই পদের জন্য নির্ধারিত শিক্ষাগত যোগ্যতা থাকিতে হইবে।
৪	সহকারী লাইসেন্স পরিদর্শক	০১ (এক)টি	৯৩০০-২৪৯০ গ্রেড-১৬	স্বীকৃত শিক্ষা বোর্ডের উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পাস অথবা সমমানের শিক্ষাগত যোগ্যতা।
৫	পাম্প চালক	০১ (এক)টি	৯৩০০-২৪৯০ গ্রেড-১৬	৮ম শ্রেণী পাশ। সংশ্লিষ্ট কাজে ২ বৎসরের বাস্তব অভিজ্ঞতা থাকিতে হইবে। সার্টিফিকেটধারীগণকে অগ্রাধিকার দেওয়া হইবে।
৬	পাইপ লাইন মেকানিক	০১ (এক)টি	৯০০০-১৮০০ গ্রেড-১৭	৮ম শ্রেণী পাশ। পাম্প চালনা ও পানি সরবরাহের কাজে ৩ বৎসরের বাস্তব অভিজ্ঞতা থাকিতে হইবে।

শর্তাবলী

১। প্রার্থীর পূর্ণনাম, পিতা/স্বামীর নাম, স্থায়ী ও বর্তমান ঠিকানা, জন্ম তারিখ বয়স, শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা উল্লেখ পূর্বক মেয়র, ঈশ্বরগঞ্জ পৌরসভা বরাবর দরখাস্ত আগামী ২৩-০৫-২০২৪ইং তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে নিম্ন স্বাক্ষরকারীর অফিসে অবশ্যই ডাকযোগে পৌছাইতে হইবে। বিলম্বে প্রাপ্ত ও ত্রুটিপূর্ণ দরখাস্ত বাতিল বলিয়া গণ্য হইবে।

২। ২৩-০৫-২০২৪ ইং তারিখে প্রার্থীর বয়স ১৮-৩০ বছরের মধ্যে হইতে হবে। তবে মুক্তিযোদ্ধা সন্তান/প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে সরকারী বিধি মোতাবেক বয়সসীমা ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। সরকারী, আধা-সরকারী, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীদের স্ব স্ব কর্তৃপক্ষের মাধ্যমে আবদেন দাখিল করিতে হইবে।

৩। দরখাস্তের সাথে মেয়র, ঈশ্বরগঞ্জ পৌরসভার অনুকূলে তফসিলি ব্যাংকের যে কোন শাখা হইতে ৫০০/- (পাঁচশত) টাকার বিডি/সিডি পে-অর্ডার (অফেরতযোগ্য) দাখিল করিতে হইবে।

৪। ১ম শ্রেণীর গেজেটেড অফিসার কর্তৃক সকল শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সনদপত্রের সত্যায়িত ফটোকপি, সদ্য তোলা পাসপোর্ট সাইজের ৩ (তিন) কপি সত্যায়িত ছবি, ইউপি চেয়ারম্যান/পৌরসভা মেয়র কর্তৃক নাগরিকত্বেও সনদপত্র, গেজেটেড অফিসার কর্তৃক চারিত্রিক সনদপত্র দরখাস্তের সহিত সংযুক্ত করিতে হইবে।

৫। আবেদনপত্র দাখিলের সময় খামের উপর অবশ্যই পদের নাম উল্লোখ করিতে হইবে।

৬। নিয়োগকারী কর্তৃপক্ষের সকল সিদ্ধান্ত চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।

বীর মুক্তিযোদ্ধা
২৪/৪/২৪
(আলহাজ্ব মো: আব্দুস ছাত্তার)
মেয়র
ঈশ্বরগঞ্জ পৌরসভা, ময়মনসিংহ।

* মাস্ক ব্যবহার করুন, সুস্থ্য থাকুন। * গাছ লাগান, পরিবেশ বাঁচান। * আপনার সন্তানকে সময়মত স্কুলে পাঠান।

ক-৩১৪ (৮×৪)